

লর্ড এভবারির মৃত্যুতে আহমদীয়া মুসলিম জামাতের প্রধানের বাণী

আজ লর্ড এরিক এভবারির মৃত্যুতে নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের বিশ্ব প্রধান শঙ্কেয় পঞ্চম খলিফা, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

”আজ আমার প্রিয় বন্ধু লর্ড এরিক এভবারি-র মৃত্যুতে আমি অত্যন্ত শোকাহত। আহমদীয়া মুসলিম জামাতের পক্ষ থেকে আমি তাঁর স্ত্রী, সন্তান ও পরিবারের অন্যান্য সদস্যদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছি।

লর্ড এভবারি মানবাধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে ছিলেন এক অতন্দ্র উদ্যোক্তা এবং তিনি বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় তাঁর সমস্ত জীবন অতিবাহিত করেছেন। প্রকৃতপক্ষে, এই অঙ্গনে তাঁর দৃষ্টান্ত স্থাপনকারী কাজই জন্যই তাঁকে প্রথম শান্তি প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকার জন্য আহমদীয়া মুসলিম পুরস্কার পুরস্কারে ভূষিত করা হয়। এটি সুনিশ্চিত যে, সারা পৃথিবীর আহমদীয়া জামাতের সদস্যরা লর্ড এভবারির অনুপস্থিতি অনুভব করবে এবং চিরকাল তাঁর প্রতি গভীর শ্রদ্ধা লালন করবে।

সর্বশক্তিমান খোদার কাছে আমি প্রার্থনা করি, যেন এই কঠিন ও দুঃখ ভারাক্রান্ত সময়ে তিনি লর্ড এভবারির শোক সন্তুষ্ট পরিবার ও তাঁর অন্যান্য পরিজনকে ধৈর্য ধারণ করার শক্তি দান করুন।”

